দৈনিক ইনকিলাব

APR 22 2002
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# মুসলিম ছাত্র-ছাত্রীদের পরীক্ষা নিতে আদালতের নির্দেশ

**পিটিআই :** গুজরাটে দাঙ্গার পর রাজ্যের প্রায় নব্বই শতাংশ সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী এবারের হায়ার সেকেন্ডারি এবং সিনিয়র সেকেন্ডারি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি। এই সমস্ত ছাত্র-ছাত্রীর ভবিষ্যতের কথা চিন্তা করে বিকল্প পরীক্ষার জন্য লোক অধিকারসংঘ সুপ্রীম কোর্টে পিটিশন দাখিল করে। গত শুক্রবার সুপ্রীম কোর্টের দুই সদস্যের ডিভিশন বেঞ্চ মোদি সরকারের কাছে জানতে চায় কেন জুন মাসে রাজ্য সরকার পরীক্ষা দিতে অসমর্থ ছাত্র-ছাত্রীদের বিকল্প পরীক্ষার ব্যবস্থা করতে পারবে না। বিচারপতি বিএন কিরপাল এবং বিচারপতি অরিজিৎ পাসায়াতকে নিয়ে তৈরী বেঞ্চ সরকারের উত্তর জানতে পরবর্তী শুনানির দিন ২৬ এপ্রিল স্থির করেছেন। এদিন বোর্ডের আইনজীবী পিএইচ পারিখ আদালতের কাছে সরকারের অবস্থান ব্যাখ্যা করতে গিয়ে বলেন, মাত্র দু'মাসের মধ্যে বিকল্প পরীক্ষার ব্যবস্থা করা রীতিমত অসুবিধাজনক। প্রত্যুত্তরে বেঞ্চের পক্ষ থেকে বলা হয়, ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা ভেবে বিষয়টি পুনর্বিবেচনা করুন। আর সরকার যদি তা না করে, তবে আদালত জুনের শেষে বিকল্প পরীক্ষা নেয়ার নির্দেশ দিতে বাধ্য হবে। আদালতের এই অনড় অবস্থান দেখে সরকারী আইনজীবী বিকল্প পরীক্ষা নিয়ে সরকারের অবস্থান ব্যাখ্যা করতে সময় চেয়ে নিয়ে শুক্রবার জবাব দেবে বলে জানায়। লোক অধিকারসংঘের আইনজীবী সেসিল গঞ্জালভেস তথ্য দিয়ে দেখান, ত্রাণ শিবিরে থাকা বহু ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিতে পারছে না।